

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 19-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহাকুস্তে ব্যাপক অংশের যুবক-যুবতীদের অংশগ্রহণে সন্তোষ প্রকাশ করেছেন।
- (২) রাজ্যে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৪৭তম ককবরক ভাষা দিবস উদযাপন করা হচ্ছে ।
- (৩) উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন যাত্রাকে সুরক্ষিত ও নিরাপদ করার জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মন কি বাত এর ১১৮তম পর্বে বলেছেন, প্রয়াগরাজে মহাকুস্ত চিরস্মরণীয় জনসমুদ্র, অকল্পনীয় দৃশ্য এবং সাম্য ও সমভাবনার অসাধারণ সঙ্গমের সহাবস্থান। কুস্তের এই উৎসবে বিভেদের মাঝে ঐক্যের উৎসবও উদযাপিত হচ্ছে। কোন ভেদাভেদ নেই, জাতপাত নেই। এই কুস্ত- একতার মহাকুস্ত। মহাকুস্তে ব্যাপক অংশের যুবক-যুবতীদের অংশগ্রহণে প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

#####BYTE PM#####

প্রধানমন্ত্রী আরও বলেন, ২০২৫ সালের শুরুতে মহাকাশের ক্ষেত্রে ভারত এক ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে। একটি ভারতীয় মহাকাশ প্রযুক্তি স্টার্ট আপ, বেঙ্গালুরুর পিক্সেল, ভারতের প্রথম বেসরকারি স্যাটেলাইট কনস্টেলেশন - 'ফায়ারফ্লাই'কে

সফলভাবে চালু করেছে। এই সাফল্য ভারতকে শুধুই আধুনিক মহাকাশ প্রযুক্তিতে শীর্ষস্থানীয় করে তোলেনি, বরং আত্মনির্ভর ভারতের লক্ষ্যে এটি একটি বড় পদক্ষেপও। বিজ্ঞানীরা মহাকাশ ক্ষেত্রে আরও একটি বড় সাফল্য অর্জন করেছেন। তারা উপগ্রহের স্পেস ডকিং করিয়েছেন। যখন মহাকাশে দুটি মহাকাশ-যান যুক্ত করা হয়, তখন এই প্রক্রিয়াটিকে স্পেস ডকিং বলা হয়। ভারত চতুর্থ দেশ যারা এই সাফল্য অর্জন করেছে।

প্রধানমন্ত্রী ৭৫ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীকে আগাম শুভেচ্ছা জানিয়ে বলেন, এই বছরটি প্রজাতন্ত্র দিবস উদযাপনের বিশেষ গুরুত্ব রয়েছে। কারণ সংবিধান কার্যকরী হওয়ার এটি ৭৫তম বছর। তিনি আগামী ২৫শে জানুয়ারি জাতীয় ভোটার দিবসের গুরুত্ব নিয়েও আলোচনা করেন। দেশে ভোটদান প্রক্রিয়াকে মজবুত করায় তিনি নির্বাচন কমিশনের ভূয়সী প্রশংসা করেন।

\*\*\*\*\*

#### **Kokborok Day:**

রাজ্যে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৪৭তম ককবরক ভাষা দিবস উদযাপন করা হচ্ছে। এই উপলক্ষে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে কৃষি মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার ককবরক ভাষার উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ককবরক ভাষাকে একটি বিশেষ বিষয় হিসেবে চালু করা হয়েছে। রাজ্যের ১,১৬৩টি বিদ্যালয়ে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত, ১৩৩টি বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত, ১১৫টি বিদ্যালয়ে নবম ও দশম শ্রেণীতে এবং ৬৫টি বিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে ককবরক অন্যতম বিষয় হিসেবে পড়ানো হচ্ছে। ত্রিপুরা (কেন্দ্রীয়) বিশ্ববিদ্যালয়ে ককবরক ভাষায় পিএইচডি ডিগ্রি চালু করা হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ককবরক ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান বিধায়ক রামপদ জমাতিয়া এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা। সভাপতিত্ব করেন ককবরক ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ডা. অতুল দেববর্মা।

৪৭তম ককবরক সাল-২০২৫ উদযাপন উপলক্ষে সকালে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*

#### **Kokborok Day, Sepahijala:**

আজ সিপাহীজলা জেলাতেও ককবরক ভাষা দিবস পালন করা হয়েছে। বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি নেত্রী সুপ্রিয়া দাস দত্ত। থলিবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় সোনামুড়া মহকুমা ভিত্তিক ককবরক ভাষা দিবস।

\*\*\*\*\*

#### **Kokborok - Sabroom:**

মাইকেল মধুসূদন দত্ত কলেজের ককবরক বিভাগের উদ্যোগে আজ সাব্রুম শহরে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। এরপর এক আলোচনাচক্রের আয়োজন করা হয়, কলেজের স্বামী বিবেকানন্দ অডিটোরিয়ামে। আলোচনায় অংশগ্রহণ করেন কলেজের অধ্যক্ষ ড: অনুপম গুহ, ধামাদ্বীপা বুদ্ধিষ্ট ইউনিভার্সিটির অতিথি লেকচারার রতিমোহন ত্রিপুরা, কলেজ এলামনি এসোসিয়েসনের সহ সম্পাদক সজল নাথ।

\*\*\*\*\*

#### **Kokbark Day/Kailashahar:**

কৈলাশহর মহকুমাভিত্তিক ৪৭ তম ককবরক দিবস ও জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা আজ কৈলাশহরের ভগৎ সিং হলে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার ।

\*\*\*\*\*

#### **Kokbarak Day -Belonia:**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের ককবরক বিভাগের উদ্যোগে আজ ককবরক ভাষা দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ডঃ মনোরঞ্জন দাস, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা লিপিকা রায়, ধর্মাঙ্গী আন্তর্জাতিক বৌদ্ধিষ্ট বিশ্ববিদ্যালয়ের ককবরক বিভাগের অধ্যাপক অমিত ত্রিপুরা।

\*\*\*\*\*

#### **N.F Railway:**

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ট্রেন যাত্রাকে সুরক্ষিত ও নিরাপদ করার জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এন. এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানান, রেলওয়ে ব্যবস্থায় পরিকাঠামোগত আপগ্রেডেশন ট্রেনের সুরক্ষিত চলাচল নিশ্চিত করা হচ্ছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার সমস্ত গ্রাহকদের জন্য একটি উন্নত, সময়নিষ্ঠ এবং নিরাপদ রেল অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য একনিষ্ঠভাবে কাজ করছে।

\*\*\*\*\*

#### **Blood Donation- Ratan Nath:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রক্তদান হল মানবতার সর্বশ্রেষ্ঠ সেবা। এই ধরনের উদ্যোগ রাজ্যের মানুষের জন্য আশীর্বাদ। আজ নজরুল কলাক্ষেত্রে রাষ্ট্রবাদী কর্মচারী সংঘ

ত্রিপুরা প্রদেশের উদ্যোগে রক্তদান উৎসব ও এক দিবসীয় কনভেনশনে তিনি একথা বলেন। এই অনুষ্ঠানে 'রক্তবন্ধন' নামে একটি অনলাইন ওয়েব পোর্টাল উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক মেয়র দীপক মজুমদার।

\*\*\*\*\*

#### **DYFI, Sonamura:**

বেকারদের কর্মসংস্থান সহ মোট ৩ দফা দাবিতে আজ সোনামুড়া মহকুমার বটতলি থেকে মেলাঘর পর্যন্ত পদযাত্রা করেছে বামপন্থী ২ যুব সংগঠন ডি.ওয়াই.এফ.আই ও টি.ওয়াই.এফ। কর্মসূচিতে উপস্থিত ছিলেন ডি.ওয়াই.এফ.আই -এর রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক মন্ডলীর সদস্যা হিরন্ময় নারায়ন দেবনাথ, সোনামুড়া মহকুমা সম্পাদক ইন্দ্রজিৎ সাহা প্রমুখ।

\*\*\*\*\*

#### **CPI (M) :**

চর্মশিল্পী ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড বৃদ্ধি, সরকারী-বেসরকারী ক্ষেত্রে কর্মসংস্থান ও অধিকার সুরক্ষা সহ ১১ দফা দাবিতে আজ আগরতলায় ভানু ঘোষ স্মৃতিভবনে ত্রিপুরা চর্মশিল্পী সমিতির রাজ্যভিত্তিক গণ কনভেনশন অনুষ্ঠিত হয় উপস্থিত ছিলেন, সংগঠনের সভাপতি এন রবিদাস। রাজ্য সম্পাদক বিপদ বন্ধু দাস। বক্তব্য রাখেন ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক সুধন দাস।

\*\*\*\*\*

#### **PM-NDRF :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর বীর জওয়ানদের সাহসিকতাকে অভিবাদন জানিয়েছেন । আজ স্যোসাল মিডিয়ায় বাহিনীর প্রতিষ্ঠা দিবসে এক বার্তায় প্রধানমন্ত্রী

আরো বলেন যে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বিশ্বপর্যায়ে  
এক অন্যতম মান প্রতিষ্ঠা করেছে।

এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও বাহিনীর প্রতিষ্ঠা দিবস  
উপলক্ষে জওয়ানদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে  
এক বার্তায় শ্রী শাহ বলেন বাহিনীর জওয়ানরা বিপর্যয়ের সময়  
বহু প্রাণ রক্ষা করেছেন। তিনি বাহিনীর শহীদ জওয়ানদের প্রতিও  
শ্রদ্ধা জানান।

\*\*\*\*\*

\*\*\*\*\*